# রাষ্ট্রপতি প্রার্থী হওয়ায় বিএনপির পদ ছাড়লেন মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রার্থী হিসেবে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নাম চূড়ান্ত হওয়ার পর দলীয় মহাসচিব ও জাতীয় স্থায়ী কমিটির সদস্য পদ থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

বৃহস্পতিবার (১৩ আগস্ট) দুপুরে সচিবালয়ে বিএনপির জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে বৈঠক করেন দলটির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। ওই বৈঠকেই রাষ্ট্রপতি নির্বাচনে দলের প্রার্থী হিসেবে মির্জা ফখরুলকে মনোনয়ন দেওয়ার সিদ্ধান্ত হয়।

বৈঠক শেষে বিষয়টি সাংবাদিকদের জানান বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, বিএনপির পক্ষ থেকে রাষ্ট্রপতি নির্বাচনে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে প্রার্থী করা হয়েছে। তার মনোনয়নপত্রও কিছুক্ষণের মধ্যে নির্বাচন কমিশনে জমা দেওয়া হবে।

রিজভী জানান, রাষ্ট্রপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্তের পর মির্জা ফখরুল বিএনপির মহাসচিব এবং জাতীয় স্থায়ী কমিটির সদস্যের দায়িত্ব থেকে পদত্যাগ করেছেন। এ সিদ্ধান্তের কথা তিনি সাংবাদিকদের মাধ্যমে দেশবাসীকে জানিয়েছেন।

২০১৬ সাল থেকে বিএনপির মহাসচিবের দায়িত্ব পালন করে আসছেন মির্জা ফখরুল। এর আগে ২০১১ সালে তিনি দলের ভারপ্রাপ্ত মহাসচিবের দায়িত্ব পেয়েছিলেন। দীর্ঘ রাজনৈতিক সময়ে বিএনপির বিভিন্ন গুরুত্বপূর্ণ ও সংকটময় সময়ে তিনি দলের নেতৃত্বে ছিলেন।

নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল অনুযায়ী, আজ ১৩ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচনের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন। মনোনয়নপত্র যাচাই হবে ১৬ আগস্ট। প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ থাকবে ১৮ আগস্ট পর্যন্ত। আর ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ২০ আগস্ট।